# ২০২৬
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
## ষষ্ঠ সেমেস্টার
## কোর্স কোড : BENG-G-SEC-T-4
## ( প্রুফ সংশোধন আই. পি. এ ও প্রবন্ধ রচনা)
## [নতুন পাঠক্রম]
## [CBCS]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত rom ও w.f. শব্দদুটি সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?

খ) প্রুফ সংশোধনকালে বাক্যের শেষে পূর্ণচ্ছেদ বসাতে ও ড্যাশ যোগ করতে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?

গ) IPA শব্দটির পূর্ণরূপ কী?

ঘ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার মূল নীতিদুটি কী কী?

ঙ) ধ্বনিতা বলতে কী বোঝো?

চ) পাদটীকা কী?

(পরের পাতায়)

ছ) সত্যেন্দ্রনাথ দত্ত—এই শব্দদুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

জ) ধ্বনি এবং বর্ণের মধ্যে একটি পার্থক্য লেখো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যান্তর করো:

পরের দিন কলেজ থেকে ফিরেই পৌঁছে গেলাম দিদিমণির বাড়ি। আমাকে দেখে ওনার চোখের কোণে জল চিকচিক করে উঠলো। আমাকে সোফায় বসতে বলে চায়ের অর্ডার করলেন। দিদিমণির মুখটা কেমন আগের থেকেও শুকিয়ে গেছে। এই কয়দিনে যেন আরো বুড়িয়ে গেছেন। প্রথমে তিনিই কথা শুরু করলেন।

খ) ধ্বনির সঙ্গে বর্ণের যখন ঠিক-ঠিক মেলে না, তখন লিখন পদ্ধতিতে যে যে সমস্যাগুলি দেখা যায় তা লেখো।

গ) নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো:

আদর্শ শিক্কিকা বলেত যা বোঝায় তাই ছিলেন দিদিমনি। যেমন ছিল বিষয়জ্ঞানের গভী রতা তেমন ছিল ছাত্রছাত্রীদের প্রতি অগাধ আপত্ত স্নেহ। নিজের দায়িত্ত আর কর্তব্যজ্ঞানে হয়ে উঠেছিলেন সকলের প্রিয়। অর্জন করেছিলেন বিপুল সম্মান পথেঘাটে দিদিমনিকে দেখতে পেলেই ভক্তিতে ছেলেমেয়েরা *মাথা* নুইয়ে ফেলতেন ওনার চরণে।

<u>সঠিক রূপ</u>

আদর্শ শিক্ষিকা বলতে যা বোঝায় তাই ছিলেন দিদিমণি। যেমন ছিল বিষয়জ্ঞানের গভীরতা তেমনি ছিল ছাত্রছাত্রীদের প্রতি



অগাধ অপত্য স্নেহ। নিজের দায়িত্ব আর কর্তব্যজ্ঞানে হয়ে উঠেছিলেন সকলের প্রিয়। অর্জন করেছিলেন বিপুল সম্মান। পথেঘাটে দিদিমণিকে দেখতে পেলেই ভক্তিতে ছেলে মেয়েরা মাথা নুইয়ে ফেলতেন ওনার চরণে।

ঘ) কোন্ কোন্ সমস্যা নিরসনের জন্য ভাষাবিজ্ঞানীরা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা রচনা করেছেন?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রুফ সংশোধনের জন্য প্রুফ সংশোধকের দায়িত্বগুলি সংক্ষেপে আলোচনা করো।

খ) ছোটগল্পকার রবীন্দ্রনাথ অথবা শরৎসাহিত্যে নারী এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

গ) ছাত্র-ছাত্রীদের অনলাইন মাধ্যমে পঠন-পাঠনের সুবিধা ও সমস্যাবলী নিয়ে একটি অনতিদীর্ঘ আলোচনা করো।

ঘ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

ক্ষেত্রমোহন কাকাদের অবস্থা বরাবরই নুন আনতে পান্তা ফুরানোর মতো ছিল। তবে চালচলন ছিল আপন মনের বাদশা যেমন। জাতে মাহিষ্য। ছুঁতমার্গ ছিল প্রবল। বড় অদ্ভুত মানুষ। নিজে ছিলেন অশিক্ষিত। পেশা ছিল হাটে হাটে চাল বিক্রি। নিচু জাতের ছায়া মাড়াতেন না বিশেষ। বাড়ির পাশ দিয়ে ছিল শূদ্রদের বাস। তাদের সংস্রব এড়ানোর লক্ষ্য নিয়ে প্রথমবার ঠিকানা বদল করলেন দাইহাটে। পথে-ঘাটে নিজের পা সর্বদা বাড়িয়েই রাখতেন নমস্কার পাবার লোভে। এই এক ক্ষেত্রে তার ছুঁতমার্গের বালাই ছিল না।

———